



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইঙ্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd



মুজিব
মৃত্যু ১০০

নং পসব্য/প্রকা/প্রশা-৬৪/২০২১-২২/ ১০০৬

তারিখঃ ৩০/০৬/২০২১খ্রি।

০১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

০২। শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল উপজেলা।

বিষয়ঃ ‘পল্লী লেনদেন’ এর সার্ভিস চার্জ প্রদান প্রসঙ্গে।

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যাংকের সমিতির সদস্যগণ তাদের আর্থিক লেনদেন এলাকায় থেকেই সম্পাদনের নিমিত্তে বাংলাদেশ ব্যাংকের ২১/১০/২০১৯ তারিখের পিএসডি (এমএফএস)/২৪/২০১৯-২০২২ নং পত্রের মাধ্যমে ব্যাংকের ডিজিটাল আর্থিক সেবা “পল্লী লেনদেন” অনুমোদন করা হয়। উক্ত সেবাটি মাননীয় প্রধানমন্ত্রী ২৬/০১/২০২০ তারিখে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সদয় উদ্বোধন করেন। ব্যাংকের সকল লেনদেন ম্যানুয়ালী এর পরিবর্তে ডিজিটাল সম্পাদন করার জন্য আপনাদেরকে ইতোপূর্বে একাধিকবার নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু তেমন অগ্রগতি হয়নি। ব্যাংকের ডিজিটালি লেনদেন সম্পন্নের নিমিত্তে সদস্যদেরকে আকৃষ্ট করার জন্য কয়েকটি খাতে সার্ভিস চার্জ ব্যাংক থেকে প্রদান করে আসা হচ্ছে। “পল্লী লেনদেন” এর মাধ্যমে সদস্যগণ এলাকা থেকেই লেনদেন রিয়েল টাইমে সম্পাদন করতে পারছেন, এতে তাদের উপজেলা সদরে আসা যাওয়ায় সময় ও অর্থ সাশ্রয় হচ্ছে।

০১। পরিচালনা বোর্ডের ২৭/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত ৬৬তম সভায় সার্ভিস চার্জ ব্যাংক থেকে প্রদানের বিষয়টি নিয়ে আলোচনা হয় এবং এমর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, আগামী ১ অক্টোবর, ২০২১ তারিখ হতে ব্যাংক হতে সার্ভিস চার্জ প্রদান করা হবে না যা সদস্যদের নিকট হতে আদায় করতে হবে। বর্তমান করোনা মহামারিকালীন সময়ে সকল ব্যাংকিং লেনদেন ডিজিটালি করার জন্য সরকার থেকে নির্দেশনা রয়েছে।

০৩। এমতাবস্থায়, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে ব্যাংকের সকল সদস্যের রেজিস্ট্রেশনের কার্যাদি সম্পন্ন করে সকল লেনদেন ডিজিটালি সম্পাদন এবং ১ অক্টোবর, ২০২১ হতে সদস্যদের নিকট হতে নির্ধারিত হারে সার্ভিস আদায় করার জন্য এতদ্বারা আপনাদেরকে নির্দেশ প্রদান করা হলো। উক্ত তারিখের মধ্যে যে সকল মাঠ সহকারী সদস্যদের রেজিস্ট্রেশনের কার্যাদি সম্পন্ন করে ডিজিটালি লেনদেন করতে বার্থ হবেন তাদেরসহ সংশ্লিষ্ট সকলের বিরুক্তে দায়িত্ব পালনে অবহেলার দায় এনে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৬ মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

অনুলিপি সদয় অবগতির/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২) মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩) চেয়ারম্যান, রিকার্শন টেকনোলজীস লিমিটেড।
- ৪) পল্লী লেনদেন ম্যানেজার (সকল)।
- ৫) নথি/মহানথি।